



পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ১৯/২০১৯

তারিখ : ০৫-০৮-২০১৯খ্রিঃ

বিষয় : পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কীম সংক্রান্ত নীতিমালায় ঋণের সিলিং ও ঋণ পরিশোধের সময়সীমা বর্ধিতকরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ৫/২০১৮ তারিখ ২১-০১-২০১৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত পরিপত্রে বর্ণিত নীতিমালার আলোকে আলোচ্য কর্মসূচিতে বর্তমানে ঋণ প্রদান করা হচ্ছে। উক্ত কর্মসূচির ঋণের সিলিং, ঋণ পরিশোধের সময় ও ঋণ প্রাপ্তির যোগ্যতা, ঋণ মঞ্জুরীর ক্ষমতা এবং সুদের হার সংক্রান্ত বিষয়ে বিগত ১৫-০৭-২০১৯ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্ষদের ৭৩৮তম সভায় প্রস্তাব উপস্থাপিত হলে পর্ষদ উক্ত ঋণ কর্মসূচীর নীতিমালা নিম্নোক্তভাবে সংশোধনের প্রস্তাব সদয় অনুমোদন করেন এবং ৩১-০৭-২০১৯ তারিখে অনুষ্ঠিত পর্ষদের ৭৩৯তম সভায় দৃঢ়ীকৃত হয়।

ক্রঃ নং	বিদ্যমান নীতিমালা	পর্ষদ কর্তৃক অনুমোদিত নীতিমালা
০১	ঋণের সিলিং : সর্বোচ্চ ঋণ সীমা ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা।	ঋণের সিলিং : সর্বোচ্চ ঋণ সীমা ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা। ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে ঋণের পরিমাণ এমনভাবে নির্ধারণ করতে হবে যাতে ঋণের মাসিক কিস্তির পরিমাণ ঋণ গ্রহীতাদের মাসিক বেতনের দুই তৃতীয়াংশের বেশী না হয়।
০২	ঋণ পরিশোধের সময়কাল : সর্বোচ্চ ৩৬ (ছত্রিশ) মাস বা চাকুরীর মেয়াদকাল পর্যন্ত।	ঋণ পরিশোধের সময়কাল : ঋণ বিতরণের পরবর্তী মাস হতে শুরু করে সর্বোচ্চ ৬০ (ষাট)টি মাসিক কিস্তিতে বা চাকুরীর মেয়াদকাল পর্যন্ত।
০৩	ঋণ প্রাপ্তির যোগ্যতা : (ক) নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহে স্থায়ী চাকুরীতে কর্মরত যাদের চাকুরীর সময়কাল ন্যূনতম ২ বছর সম্পন্ন হয়েছে এবং বয়সসীমা ৫৭ বছর অতিক্রম হয়নি তাঁরা এ কর্মসূচীর আওতায় ঋণ সুবিধা গ্রহণের আবেদন করতে পারবেন ; (১) সরকারী প্রতিষ্ঠান। (২) আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। (৩) সরকারী, এমপিওভুক্ত স্কুল ও কলেজ। (৪) কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বিচারাধীন কোন মামলা কিংবা নিষ্পত্তাধীন কোন বিভাগীয় মামলা/ব্যাখ্যা তলব/অন্য কোন প্রশাসনিক কার্যক্রম বিদ্যমান থাকা অবস্থায় ঋণ প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবেন। (খ) ঋণ আবেদনকারীর বেতন ভাতাদি কৃষি ব্যাংকের যে শাখায় জমা হবে শুধু সে শাখায় ঋণের জন্য আবেদন করা যাবে। অন্য কোন শাখা হতে নয়।	ঋণ প্রাপ্তির যোগ্যতা : (ক) সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, সরকারী এমপিওভুক্ত স্কুল ও কলেজের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণ যাদের চাকুরীকাল ন্যূনতম ২ বছর সম্পন্ন হয়েছে তারা এ কর্মসূচীর আওতায় ঋণের জন্য আবেদন করতে পারবেন। তবে চাকুরীর মেয়াদকাল কমপক্ষে পিআরএলসহ ৫ বছর থাকতে হবে। (খ) কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বিচারাধীন কোন মামলা কিংবা নিষ্পত্তাধীন কোন বিভাগীয় মামলা/ব্যাখ্যা তলব/অন্য কোন প্রশাসনিক কার্যক্রম বিদ্যমান থাকা অবস্থায় ঋণ প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবেন। (গ) ঋণ আবেদনকারীর বেতন ভাতাদি কৃষি ব্যাংকের যে শাখায় জমা হবে শুধু সে শাখায় ঋণের জন্য আবেদন করা যাবে। অন্য কোন শাখা হতে নয়। (ঘ) যারা কনজুমারস ক্রেডিট ঋণ সুবিধা ভোগ করছেন তারা এ ঋণ সুবিধা পাবে না।
০৪	ঋণ মঞ্জুরীর ক্ষমতা : শাখা ব্যবস্থাপক	ঋণ মঞ্জুরীর ক্ষমতা : ১) ৩,০০,০০০/- টাকা পর্যন্ত শাখা ব্যবস্থাপক। ২) ৩,০০,০০০/- টাকার উর্দে ৮,০০,০০০/- টাকা পর্যন্ত মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক।
০৫	সুদের হার : ১২% (এ্যামোর্টাইজেশন পদ্ধতিতে)	সুদের হার : ১৩% (এ্যামোর্টাইজেশন পদ্ধতিতে)

০২। এমতাবস্থায়, বর্ণিত পরিপত্রে সংশ্লিষ্ট অনুচ্ছেদসমূহে পর্ষদ কর্তৃক অনুমোদিত উপরোক্ত সিদ্ধান্ত/নীতিমালাসমূহ প্রতিস্থাপিত/সংযোজিত হবে। তাছাড়া ঋণের সিলিং, ঋণ পরিশোধের সময়, ঋণ প্রাপ্তির যোগ্যতা, ঋণ মঞ্জুরীর ক্ষমতা ও ঋণের সুদের হার উপরোক্তভাবে সংশোধন ব্যতিত আলোচ্য ঋণ কর্মসূচীর জন্য ইতিপূর্বে জারীকৃত পরিপত্রের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে। আশা করা যায়, এ কর্মসূচীর আওতায় ঋণ বিতরণ প্রবাহ বৃদ্ধি পাবে। উপকারভোগীরা উপকৃত হবেন।

০৩। উক্ত নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ শহিদুল ইসলাম)

মহাব্যবস্থাপক

(পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ)

ফোন : ০২-৪৭১১৫৩৪৪

সূত্র নং প্রকা/ক্রেডিট-২/ক্রমাধি-৩২৭/২০১৯-২০২০/ ১৩৩

তারিখ : ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিপত্রটি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ ও ২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়সমূহ।
- ০৫। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৬। সচিব, পর্ষদ সচিবালয় বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ বিকেবি, প্রকা, ঢাকা। পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৯। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক কার্যালয়/উপ-মহাব্যবস্থাপক সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, আঞ্চলিক কার্যালয়সমূহ।
- ১১। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ১২। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১৩। নথি/মহানথি।

(জাফরুল হাসান)

উপ-মহাব্যবস্থাপক